বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
**ঋণ আদায় বিভাগ।**

**Better me Better BKB**
**পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন**

ফোন ঃ ০২- ৯৫৬৩১৬৫
Email:dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/ ২৫৬ (১১০০) তারিখ ঃ ০৯-১০-২০১৬ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক(পরিচালন),সকল বিভাগীয় কার্যালয়/এলপিও
উপ-মহাব্যবস্থাপক,সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ১৬ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০১৬ পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৭, ১৯, ২৪ ও ২৬ অক্টোবর, ২০১৬ তারিখে ঋণ আদায় মহাক্যাম্প আয়োজন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ঋণ আদায় বিভাগের ২৬-০৯-২০১৬ তারিখের পত্র নং- প্রকা/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/২১২(১২০০) এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক **১৬ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০১৬ পর্যন্ত** ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং **১৭, ১৯, ২৪ ও ২৬ অক্টোবর, ২০১৬** তারিখে ঋণ আদায় মহাক্যাম্প আয়োজনের মাধ্যমে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা/শাখাসমূহকে অনুরোধ করা হলোঃ

**(ক) ৩১-১০-২০১৬ তারিখের মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা (ন্যূনতম ৩০%) অর্জন নিশ্চিতকরণ;**
**(খ) ৩১-১০-২০১৬ তারিখের মধ্যে শ্রেণীযোগ্য ঋণ-১ আদায় লক্ষ্যমাত্রার কমপক্ষে ৫০% অর্জন নিশ্চিতকরণ;**
**(গ) ৩১-১০-২০১৬ তারিখের মধ্যে দেয় সকল চলতি মূলধন/নগদ ঋণ হিসাব নবায়ন নিশ্চিতকরণ;**
**(ঘ) ৫২-স্থগিত সুদযুক্ত শ্রেণীকৃত ও পুনঃতফসিলীকৃত ঋণ এবং অবলোপনকৃত ঋণ অধিক পরিমাণে আদায় করে ব্যাংকের আয় বৃদ্ধিকরণ;**
**(ঙ) অনিষ্পন্ন তামাদি ঋণ ১০০% আদায়/নিয়মিতকরণ;**
**(চ) ৩১-১২-২০১৬ সূত্র তারিখে ঋণ হিসাব নতুনভাবে শ্রেণীবিন্যাসিত হওয়া রোধ এবং শ্রেণীকৃত ঋণ অধিক পরিমাণে আদায় নিশ্চিত করে ৩১-১২-২০১৬ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণ স্থিতির হার ২০% এর নীচে নামিয়ে আনার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ।**

০৩। **সকল বিভাগীয় কার্যালয়সমূহকে** তাঁদের আওতাধীন সকল কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চল কর্তৃক **১৭, ১৯, ২৪ ও ২৬ অক্টোবর, ২০১৬** তারিখে আয়োজিতব্য ঋণ আদায় মহাক্যাম্পের অর্জন পরবর্তী কার্যদিবস সকাল ১১.৩০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত ছকে দুরালাপনী মারফত **জনাব মোঃ হাফিজুর রহমান, ঊর্ধতন মুখ্য কর্মকর্তা (মোবাইল- ০১৭২০ ৮১১৩৩৩)** কে অবহিত করাসহ ই-মেইলযোগে অত্র বিভাগে পৌঁছানোর জন্য অনুরোধ করা হলোঃ

| কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | ---- তারিখে অনুষ্ঠিত ঋণ আদায় মহাক্যাম্পের অর্জন সংক্রান্ত তথ্যাদি | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | শ্রেণীকৃত ঋণ আদায় | | শ্রেণীযোগ্য ঋণ-১ | | শ্রেণীযোগ্য ঋণ-২ | | পুনঃতফসিলিকৃত ঋণ | | মোট আদায় (ইউসি ব্যতীত) | |
| | ঋণগ্রহীতার সংখ্যা | আদায়ের পরিমাণ | ঋণগ্রহীতার সংখ্যা | আদায়ের পরিমাণ | ঋণগ্রহীতার সংখ্যা | আদায়ের পরিমাণ | ঋণগ্রহীতার সংখ্যা | আদায়ের পরিমাণ | ঋণগ্রহীতার সংখ্যা | আদায়ের পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

**০৪। ১৬ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০১৬ পর্যন্ত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৭, ১৯, ২৪ ও ২৬ অক্টোবর, ২০১৬ তারিখে ঋণ আদায় মহাক্যাম্প যথাযথভাবে আয়োজন ও সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক গৃহীত ঋণ আদায় কার্যক্রম নিবিড় তদারকী ও পরিধারণপূর্বক আনুপাতিক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।**

আপনার বিশ্বস্ত,

০৯/১০/১৬
(মোঃ রুহুল আমীন)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/২৫৬(১১০০) তারিখঃ ০৯-১০-২০১৬ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। বিভিন্ন অঞ্চল/শাখাসমূহের যাবতীয় কার্যক্রম নিয়মিত মনিটরিং করার দায়িত্বে নিয়োজিত সকল প্রমোটারবৃন্দ, বিকেবি,প্রকা,ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি (সিস্টেমস) বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা। পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

( ডাঃ মোঃ নূর সাঈদ)
সহকারী মহাব্যবস্থাপক